

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.১৯.৮৪৫

তারিখ: ১৮ মে ২০২৪
০১ এপ্রিল ২০২৪

বিষয়: এপ্রিল ২০২৪ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ এপ্রিল ২০২৪ বেলা ১১:৩০ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় এবং Video Conferencing এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মার্চ ২০২৪ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, মার্চ ২০২৪ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	৪৮	৫৫	+১৩%	০৪	০৬
ময়মনসিংহ	৪৮	৫৩	+১১%	০৩	০৭
চট্টগ্রাম	৬০	৪৩	-২৮%	০৩	০৪
সিলেট	১২০	১১২	-০৭%	০৭	০৯
রাজশাহী	২৯	২২	-২৪%	০৩	০৬
রংপুর	৩২	৫৭	+৭৭%	০২	০৫
খুলনা	৪৩	৩২	-২৪%	০৩	০৭
বরিশাল	৩৯	২৭	-৩০%	০৩	০৫
বাংলাদেশ	৪৮	৪৪	-০৮%	০৪	০৬

মার্চ ২০২৪ মাসে সার্বিকভাবে সারাদেশে স্বাভাবিক (-০৮%) বৃষ্টিপাত হয়েছে। তবে ঢাকা, ময়মনসিংহ ও রংপুর বিভাগে স্বাভাবিক অপেক্ষা বেশি, চট্টগ্রাম, রাজশাহী খুলনা ও বরিশাল বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম এবং সিলেট বিভাগে স্বাভাবিক বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্ববর্তী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ২-৩, ১৪-১৬ ও ১৮-৩১ মার্চ ২০২৪ সময়ে দেশের অনেক স্থানে হালকা থেকে ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয় সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরনের কালবৈশাখি ঝড় বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৮৯ মি.মি. সিলেট রেকর্ড (৩১ মার্চ ২০২৪) করা হয়। এ সময় দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.২° সে. রাজশাহী (৩১ মার্চ ২০২৪) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ৩° সে. ও ৪° সে. কম ছিল এবং গড় তাপমাত্রা ৩°সে. কম ছিল। তাপ প্রবাহ এবং কৃষি আবহাওয়া মার্চ ২০২৪ মাসের পূর্বাভাসের সাথে সামঞ্জস্যপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক এপ্রিল ২০২৪ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	মাটির আর্দ্রতা (%)
ঢাকা	১৫০	১৩৫ - ১৬৫	০৮	০৭-০৯	২০-৩০
ময়মনসিংহ	১৫২	১৩৫ - ১৬৫	০৮	০৭-০৯	২৫-৩৫
চট্টগ্রাম	১৪৩	১৩০ - ১৬০	০৭	০৬-০৮	২০-৩০
সিলেট	২৯৬	২৬৫ - ৩২৫	১৩	১১-১৫	২৫-৩৫
রাজশাহী	৮২	৭৫ - ৯০	০৬	০৫-০৭	২০-৩০
রংপুর	৯৪	৮৫ - ১০৫	০৬	০৫-০৭	২০-৩০
খুলনা	৭৬	৬৫ - ৮৫	০৫	০৪-০৬	২০-৩০
বরিশাল	১৩২	১২০ - ১৪৫	০৭	০৬-০৮	২০-৩০

- এপ্রিল ২০২৪ মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- এ মাসে দেশে ৫-৭ দিন বিক্ষিপ্তভাবে শিলাসহ বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ হালকা/ মাঝারি ধরনের এবং ১-৩ দিন তীব্র কালবৈশাখি ঝড় হওয়ার সম্ভাবনা রয়েছে।
- এ মাসে বঙ্গোপসাগরে ১-২ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১টি নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে।
- এ মাসে দেশে ২-৪ টি সূদূ (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ১-২টি তীব্র (৪০ - ৪১.৯°সে.) থেকে অতিতীব্র (>৪২°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে। এ মাসে দিনের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশী এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক থাকতে পারে।
- নদ-নদীর অবস্থা:** এপ্রিল মাসে দেশের উত্তর-পূর্বাঞ্চল ও তৎসংলগ্ন উজানে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে দেশের উত্তর-পূর্বাঞ্চলের নদ-নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে। স্বল্পমেয়াদী আকস্মিক বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। অন্যত্র, দেশের সকল প্রধান নদ-নদী সমূহে স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।
- কৃষি আবহাওয়া:** এপ্রিল মাসে দেশের দৈনিক গড় বাষ্পীভবন ৩.০০ - ৫.০০ মি:মি: এবং গড় সূর্য কিরণকাল ৬.০০ - ৮.০০ ঘণ্টা থাকতে পারে।

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফ্যাক্স: ৯৫৪০৫৫৫, ৯৫৭৬৫৬৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মাননীয় প্রতিমন্ত্রী, দুর্গোৎসব ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রণালয়, mp.office.savar@gmail.com
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab_secy@cabinet.gov.bd
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
- সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
- সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd

- সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
- সচিব, দুর্গোৎসব ব্যবস্থাপনা ও গ্রাম মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
- সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd
- সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, secretary@ecs.gov.bd

(ড.মোঃ হাদেফুল আলম)
উপপরিচালক (চলতি দায়িত্ব)
পরিচালক ও চেয়ারম্যান, বিশেষজ্ঞ
কমিটির পক্ষে